মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

প্রজ্ঞাপন

তারিখ: .... ১৪২৬ বঙ্গাব্দ /......................২০১৯ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ....। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতা বলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-।

১। শিরোনাম।– এই বিধিমালা ক্ষুদ্রঋণ তথ্য ব্যুরো বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।– (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) "আইন" অর্থ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন);

(খ) "ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান" অর্থ আইনের ধারা ২(২১) এ সংজ্ঞায়িত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ও এই বিধিমালার অধীন গঠিত 'ক্ষুদ্রঋণ তথ্য ব্যুরো' তে তথ্য প্রদানের জন্য সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বা সংস্থা;

(গ) "কর্তৃপক্ষ" অর্থ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি;

(ঘ) "ঋণতথ্য" অর্থ-

(১) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক কোন গ্রাহক বা শ্রেণীবদ্ধ গ্রাহককে প্রদত্ত কোনরূপ ঋণ বা অন্যান্য আর্থিক সেবা ও এর পরিমাণ;

(২) গৃহীত ঋণের উদ্দেশ্যে, ঋণ পরিশোধের পূর্বাপর তথ্যাদি, ঋণগ্রহীতার অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনার ধরন এবং ঋণগ্রহীতার আমানত বা অন্য কোন জমা (যদি থাকে) এর ধরন; এবং

(৩) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে ঋণগ্রহীতার নিকট হইতে গৃহীত যে কোন ধরনের আমানত বা জমা (যদি থাকে);

(ঙ) "ঋণগ্রহীতা" অর্থ ঋণ গ্রহণ করা হউক বা নাই হউক, যে ব্যক্তি বা ব্যক্তিগণের নামে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কোনরূপ ঋণ অনুমোদন করিয়াছে এবং ইহার অন্তর্ভুক্ত হইবে-

(১) কোম্পানী বা করপোরেশনের ক্ষেত্রে উহার সহযোগী সংস্থা;

(২) হিন্দু যৌথ পরিবারের ক্ষেত্রে উহার কোন সদস্য অথবা উক্ত সদস্য যে ফার্মের অংশীদার;

(৩) ফার্মের ক্ষেত্রে উহার যেকোন অংশীদার অথবা অন্য কোন ফার্ম যাহাতে উক্ত অংশীদার একজন অংশীদার; এবং

(৪) ব্যক্তির ক্ষেত্রে কোন ফার্ম যাহাতে উক্ত ব্যক্তি অংশীদার।

(চ) "ক্ষুদ্রঋণ তথ্য ব্যুরো" অর্থ ক্ষুদ্রঋণ গ্রহীতার যাবতীয় তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ, ব্যবস্থাপনা, ব্যবহার এবং বিতরণমূলক কার্যকলাপ সম্পন্ন করিবার জন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সমন্বিত ব্যবস্থাপনা;

(ছ) "ঋণযোগ্যতা" অর্থ ঋণপ্রাপ্তিতে আবেদনকারীর বিশ্বাসযোগ্যতা অথবা পূর্বের ঋণ পরিশোধের ভিত্তিতে কোন গ্রাহকের নতুন ঋণপ্রাপ্তির বিশ্বাসযোগ্যতা;

(জ) "ব্যক্তি" অর্থ কোন ব্যক্তি, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, কোম্পানী, অংশীদারী কারবার অথবা অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থা;

(ঝ) "নির্ধারিত" অর্থ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত।

(২) এই বিধিমালায় ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত হয় নাই উক্ত অভিব্যক্তিসমূহ আইনে সংজ্ঞায়িত হইয়া থাকিলে উহা উক্ত অর্থে সংজ্ঞায়িত বলিয়া বিবেচিত হইবে।

৩। কর্তৃপক্ষ-

(ক) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হইতে যেইভাবে উপযুক্ত মনে করিবে, উক্তরূপে ঋণতথ্য সংগ্রহ করিতে পারিবে; এবং

(খ) উক্ত ঋণতথ্য বিধি (৫) অনুসরণ করিয়া কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবে।

৪। (ক) এই বিধিমালার আওতাধীন দায়িত্ব পালনের উদ্দেশ্যে, কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে উহার ঋণতথ্য সম্পর্কিত যেকোন বিবরণী কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত পদ্ধতি এবং সময়ের মধ্যে দাখিল করিবার নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(খ) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার গঠনতন্ত্র অথবা গ্রাহকের সহিত গোপনীয়তা সংরক্ষণে সম্পাদিত কোন চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন, উপ-বিধি (ক) এর অধীন প্রদত্ত নির্দেশনা পরিপালনে বাধ্য থাকিবে।

৫। (ক) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার সহিত আর্থিক সহযোগিতার চুক্তি হইয়াছে বা বিবেচনাধীন রহিয়াছে এরূপ সকল গ্রাহকের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে নির্দিষ্ট ঋণতথ্য চাহিয়া কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে এবং তদপ্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত ঋণতথ্য যাচাই বাছাই করিয়া গ্রাহকের ঋণযোগ্যতা নির্ণয় ও ঋণ প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(খ) কর্তৃপক্ষ উপ-বিধি (ক) এর অধীন আবেদন প্রাপ্তির পর যত দ্রুত সম্ভব, তাহার নিকট সংরক্ষিত ঋণতথ্যাদি হইতে আবেদনে যাচিত তথ্যাদি সরবরাহ করিবে।

তবে শর্ত থাকে যে, সরবরাহকৃত উক্তরূপ তথ্যাদি যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সরবরাহ করিয়াছে কর্তৃপক্ষ উহার নাম প্রকাশ করিবে না।

(গ) কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে উক্তরূপ ঋণতথ্য সরবরাহের জন্য দাখিলকৃত আবেদনের বিপরীতে নির্ধারিত পদ্ধতিতে ফি আরোপ করিতে পারিবে।

৬। (ক) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক বিধি ৪ এর অধীন দাখিলকৃত বিবরণীতে উল্লেখিত যেকোন ঋণতথ্য অথবা কর্তৃপক্ষ কর্তৃক কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে বিধি ৫ এর আওতায় সরবরাহকৃত তথ্য গোপনীয় বলিয়া গণ্য হইবে এবং অত্র বিধির সদুদ্দেশ্য ব্যতিত উহা প্রকাশ করা যাইবে না।

(খ) এই বিধির কোন কিছুই প্রযোজ্য হইবে না-

(১) কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিয়া কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বিধি ৪ এর অধীন কর্তৃপক্ষকে সরবরাহকৃত কোন ঋণতথ্য প্রকাশে; এবং

(২) কর্তৃপক্ষ জনস্বার্থে কোন তথ্য প্রকাশ করা প্রয়োজন মনে করিলে বিধি ৪ এর অধীনে সংগৃহীত যে কোন তথ্য সরবরাহকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বা উহার ঋণগ্রহীতাদের নাম উল্লেখ না করিয়া কর্তৃপক্ষ যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইভাবে সামগ্রিকরূপে প্রকাশে।

৭। (ক) কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান-

(১) বিধি ৪ অনুযায়ী তথ্য বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে অথবা মিথ্যা তথ্য সম্বলিত বিবরণী দাখিল করিলে; বা

(২) অত্র বিধিমালার অধীন কোন শর্ত পরিপালনে ব্যর্থ হইলে উক্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ও এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এবং অন্যান্য ব্যক্তিগণ যাহারা জ্ঞাতসারে উক্ত বিধিভঙ্গের সহিত জড়িত, তাহারা আইনের অধীন শাস্তিযোগ্য অপরাধ করিয়াছেন মর্মে গণ্য হইবেন।

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য এক বা একাধিক কারণে অত্র বিধিমালার অধীন কোন শর্ত পরিপালনে ব্যর্থ হইলে, সেইক্ষেত্রে এই বিধির বিধান প্রযোজ্য হইবে না।

(খ) কোন ব্যক্তি বিধি (৬) অনুযায়ী গোপনীয় মর্মে গণ্য গ্রাহকের এরূপ কোন ঋণতথ্য প্রকাশ করিলে, তিনি আইনের অধীন শাস্তিযোগ্য অপরাধ করিয়াছেন মর্মে বিবেচিত হইবেন।

৮। এই বিধিমালার কোন বিধি কার্যকর করিবার কারণে বিধি ৫ এ বর্ণিত চুক্তিভুক্ত বা তদবহির্ভূত কোন ব্যক্তি কোন ধরনের ক্ষতিপূরণ দাবী করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে না।

কর্তৃপক্ষের আদেশক্রমে

আমলেন্দু মুখার্জী
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান